ভূমিপরিমাণবিদ্যা।

অর্থাৎ

ক্ষেত্রাদির মাপ এবং চিত্রকরণের প্রাথমিক শিক্ষোপযোগি গ্রন্থ।

ELEMENTS

of

LAND SURVEYING.

ON ANGLO—INDIAN SYSTEM.

ইংলণ্ডীয় গ্রন্থের তাৎপর্য্যাবলম্বনে স্বদেশীয় নিয়মের সংশোধন পূর্ব্বক সংগৃহীত।

মির্জাপুরস্থ শ্রীব্রজমোহন চক্রবর্ত্তির পুস্তাযন্ত্রে মুদ্রিত হইল।

সন ১২৪৮ শাল।

1841.

ভূমিকা।

যদ্যপি গ্রন্থারম্ভে ভূমিকা লিখনের নিয়ম গ্রন্থকর্ত্তার অভিপ্রায় প্রকাশক না হইয়া কেবল অভিমানার্থ হইত তবে এতদ্ভূমিকা রচনার প্রয়োজনছিলনা যেহেতু এতদ্গ্রন্থসংগ্রহীতা অভিমানাভিলাষী নহেন এবং গ্রন্থও অভিমানোপযোগী নহে কিন্তু প্রথম সংগ্রহ প্রযুক্ত ভ্রমের আশঙ্কায় তৎসংশোধনানুরোধে পাঠক বর্গ সমীপে সমাবেদন মাত্র।

এতৎপৃথিবীমধ্যে ভারতবর্ষ বহুতর উর্ব্বরা ভূমিযুক্ত হেতুক শ্রেষ্ঠক্ষেত্ররূপে সাধারণে গণনীয়, এই স্থানে কালানুসারে বিশেষতঃ যুদ্ধ এবং মারীভয়াদির অভাবে এবং ইউরোপীয় লোকের সমাগমের আধিক্যে জনপদের বাহুল্যদ্বারা প্রয়োজনের বৃদ্ধি প্রযুক্ত ভূমির অনেক গ্রাহক, সুতরাং ক্রমশ তন্মূল্যের বৃদ্ধি হইতেছে, বিশেষতঃ এতদ্দেশে রাজ্য রক্ষার্থব্যয় ভূম্যুৎপন্ন করদ্বারা নিরপেক্ষরূপে প্রায় নির্ব্বাহ হয়, ইত্যাদিকারণে এতাদৃশ বস্তু সম্বন্ধীয় বিবিধ বিবাদের সর্ব্বদা সম্ভাবনা, তন্নিবারণোদ্দেশে এবং বঙ্গদেশ প্রচলিত দায় বিভাগ নিয়মানুসারে পৈতৃক স্থাবরধনে তাবৎ উত্তরাধিকারির সমান স্বত্বপ্রযুক্ত তাহার বিভাগার্থে ভূমি পরিমাণাদির প্রয়োজন, এবং ইংলণ্ডাধি কৃত ভারতবর্ষীয় চিরনির্দ্ধারিতকর প্রদেশে ভূমির অন্

ক্ষপচিত্রাদি করণের আবশ্যকতা যদ্দ্বারা দূরস্থিত ব্যক্তি দিগের তদ্বিষয়ের বিশেষ বোধ হইতে পারে অতএব উক্ত পরিমাণাদি বিষয়ের সুগমার্থ স্বদেশীয় ভাষায় এতদ্গ্রন্থ সংগৃহীত হইল। উক্তগ্রন্থ যদ্যপি প্রার্থিত ফলের আংশিক সহকারীও হয় তথাপি সংগ্রাহক পরিশ্রমের সম্পূর্ণ বিনিময় প্রাপ্ত বোধ করিবেন।

পরিভাষা।

লম্ব .... সরলরেখার উপরে সরলরেখার সংযোগাধীন সমকোণ উৎপন্ন হইলে সেই রেখাদ্বয় পরস্পর লম্বরূপে খ্যাত হয়।

কোটি .... উক্ত লম্ব রেখা সমকোণ ত্রিভুজ ক্ষেত্রে কোটিরূপে ব্যবহৃত হয়।

আধারভুজ যে রেখার উপরে কোটিরেখা দণ্ডায়মান থাকে তাহার নাম আধার ভুজ।

কর্ণ .... আধার এবং কোটি রেখাতে সংলগ্ন দীর্ঘ ভুজকে কর্ণ কহে।

কোণ .... অসমানান্তর রেখাদ্বয়ের সংযোগ স্থানকে কোণ কহে।

সমকোণ সমরেখাতে লম্ব যোগাধীন যে কোণ উৎপন্ন হয় তাহার নাম সমকোণ।

বিষমকোণ সমকোণের ন্যূনাধিক কোণকে বিষমকোণ কহে।

+ তেরিজের চিহ্ন।

— জমা খরচের চিহ্ন।

× পূরণের চিহ্ন।

÷ হরণের চিহ্ন।

= লব্ধের চিহ্ন।

অংশের চিহ্ন * * এইচিহ্ন অঙ্কের দক্ষিণে থাকিলে পরাঙ্ক তাহার অংশ বোধক।

√ বর্গমূলের চিহ্ন।

বর্গের চিহ্নার্থে বর্গার্থ অঙ্কের উপরে (২) সংখ্যা ক্ষুদ্ররূপে সংলগ্ন থাকে। যথা $৮^{২}$ এস্থলে ২ যুক্ত ৮ অঙ্ককে বর্গ করিতে হইবেক।

জমি মাপের নিয়ম।

ইংলণ্ডীয় মাপের ১৬০০ চতুরস্র ইয়ার্ড অথবা ১৪৪০০ চতুরস্র ফুটে বঙ্গদেশীয় চতুরস্র ৬৪০০ হস্ত অথবা ১ বিঘা হয় এবং ৭২০ চতুরস্র ফুটে ৩২০ চতুরস্র হস্ত অথবা ৵১কাঠা হয় এবং ৪৫ চতুরস্র ফুটে ২০ চতুরস্র হস্ত অথবা ৵০ এক ছটাক হয়, চতুরস্র ইয়ার্ডের নিয়ম এই যে তিন ফুটে কলিত যে ইয়ার্ড তাহার চতুরস্র হইলে অর্থাৎ দীর্ঘ প্রস্থে পূরণপূর্ব্বক এইরূপে ৩X৩=৯ ফুটে ১ চতুরস্র ইয়ার্ড হয়।

	চঃ ইয়ার্ড		চঃ ফুট
অতএব	১৬০০ X ৯	=	১৪৪০০

ক্রিয়া

হস্ত	হস্ত		চঃ হস্ত
৮০ X	৮০	=	৬৪০০

হস্ত

ঐ ৮০ দেড়ফুটে হস্ত জন্য

X ১॥০   চঃ ফুট

= ১২০ X ১২০ = ১৪৪০০

অতএব ১৪৪০০ চতুরস্র ফুটে ৬৪০০ চতুরস্র হস্ত হওনে যত চতুরস্র ফুট ইংলণ্ডীয় মাপে তাহার ২,৫*১ অংশভাগে বঙ্গ দেশীয় চতুরস্র হস্ত হইবেক কারণ ১॥০ X ১॥০ = ২।০ সওয়া দুই।

অতএব এরূপ অঙ্কের চতুরস্র ফুটের পরিমাণে চতুরস্র হস্ত করিতে হইলে যত ফুট তাহাকে চতুর্গুণ করিয়া ৯ দ্বারা হরণ করিলে চতুরস্র হস্ত জানা যাইবেক এবং যত চতুরস্র হস্ত তাহাকে ২।০ সওয়া দুই গুণ করিলে চতুরস্র ফুটের নির্ণয় হইবেক।

যেমন ১ বিঘা অথবা ৬৪০০ চতুরস্র হস্ত X ২৷০ গুণে —
১৪৪০০ চতুরস্র ফুট এবং ১৪৪০০ চতুরস্র ফুট ৪ গুণে ৫৭৬০০
পুনশ্চ ÷ ৯ দ্বারা হরণে = ৬৪০০ চতুরস্র হস্ত অথবা ১ বিঘা।

১ একর প্রতি বঙ্গদেশীয় মাপের হিসাব।

এক একর পরিমাণে চতুরস্র ফুট ৪৩৫৬০ (ছিট ৩৬০ ছটাকভাগে

÷ ১৪৪০০ ভুক্তন হইল

বিঘা ছটাক

৩৵০ ॥.

১ রুড়প্রতি বঙ্গ দেশীয় মাপের হিসাব।

একরুড় পরিমাণে চতুরস্র ফুট ১০৮৯০ X ৪ = ৪৩৫৬০

৯

চঃ হঃ

৪৮৪০

চঃ হঃ

৪৮৪০ (ছিট ৪০ ছটাকভাগে

ফি কাঠা পড়তা ভুক্তন হইল

চঃ হঃ

৩২০

÷ ৩২০

৴০ ৵০

পোনর কাঠা দুই ছটাক

১ পোলপ্রতি বঙ্গদেশীয় মাপের হিসাব।

১ পোলপরিমাণে চতুরস্র ২৭২,৪*১ ফুট ৪ = ১০৮৯

÷ ৯

---

১২১ চতুরস্র হস্ত

অথবা

ফি ছটাক পড়তা

২০ চতুরস্র হস্ত প্রযুক্ত ÷ ২০

ছটা॰ চঃ হঃ

।৵॰ ১

একর	রুড	পোল	ইয়ার্ড	
১২৩,	২,	৩৭,	৩	পরিমাণে

বঙ্গদেশীয় মাপের হিসাব।

চঃ ফুট চঃ ফুট চঃ ফুট

একরপ্রতি ৪৩৫৬০, রুড়প্রতি ১০৮৯০, পোলপ্রতি ২৭২,৪*১

চঃ ফুট

ইয়ার্ড প্রতি ৯ এই নিয়মে হিসাব দর্শান যাইতেছে।

৪৩৫৬০ X ১২৩ = ৫৩৫৭৮৮০.

১০৮৯০ X ২ = ২১৭৮০

২৭২,৪*১ X ৩৭ = ১০০৭৩,৪*১

৯ X ৩ = ২৭

৫৩৮৯৭৬০,৪*১

ঐ—৫৩৮৯৭৬০,৪*১ (ছিট ৪১৬০,৪*১ ইহাকে ভাগমত কাঠাদি করিতে হইবেক।

÷ ১৪৪০০

	বিঘা	কাঠা	ছঃ	হস্ত
ফল	৩৭৪,	৫,	১২,	৯,

অন্যপ্রকার।

১২৩ একর ফি একর——৩৴৹॥ হিসাবে——৩৭২৵১॥
২ রুড ফিরুড　　৫৴৵৹ হিসাবে　　১॥৹।
　　　　　　　　ছঃ হঃ　　　　　　হঃ
৩৭ পোল ফিপোল　　৷৵১ হিং　　॥৩৫ঃ১৭
৩ ইয়াড কাত　　　　　　　　　　　৫ঃ
২৭ ফুট অথবা ——————————————— ১২

বিঘা কাঠা ছঃ হঃ

৩৭৪ ১০ ৫ ৯

বঙ্গদেশীয় ১৲ বিঘাপ্রতি ইংলণ্ডীয় মাপের ঐক্য হিসাব
১ বিঘা অথবা চতুঃসু ৬৪০০ হস্ত পরিমাণে ১৪৪০০ চতুরস্র
ফুট অতএব ঐ　　১৪৪০০ ফুট পরিমাণে

রুড পোল ইয়ার্ড

রুডাদির মাপ হিসাব মতে　১, ১২, ২৭

বিঃ কাঃ ছঃ

বঙ্গদেশীয় ১৭ ১৪ ৮ পরিমাণে ইংলণ্ডীয় মাপের নিরূপণ
বিঘা
১৭ × ৬৪০০ = ১০৮৮০০
কাঠা
৯ × ৩২০ = ২৮৮০
ছঃ
৫ × ২০ = ১০০

চঃ হঃ

১১১৭৮০ × ২।০ = ২৫১৫০৫ চঃফুট

২৫১৫০৫ ফুটকাত

÷ ৪৩৫৬০

একর রুড পোল ইয়ার্ড ফুট

৫, ৩, ৩, ২৪, ১,৪*১

ইংলিস চতুরস্র একমাইল পরিমাণে বঙ্গদেশীয় মাপের ঐক্য হিসাব।

১৭৬০ ইয়ার্ডে ইংলিস ১ মাইল হয়

ইহাতে চতুরস্র, অর্থাৎ দীর্ঘ ১ মাইল প্রস্থ ১ মাইল হইলে তাহাকে চতুরস্র মাইল কহাযায়।

অর্থাৎ দীর্ঘ এবং প্রস্থ

১৭৬০ ইয়ার্ডপরিমাণে ঐ রূপ

৩৫২০ হস্ত ফি বিঘা নিয়মে

৮০ হস্ত হিসাবে

৪৪ বিঘা ৪৪ বিঘা

৪৪ X ৪৪ = ১৯৩৬ বিঘা

উক্ত হিসাবে চতুরস্র ১ মাইল কাত উক্ত বিঘা জ্ঞাতব্য

১ ফুটপরিমাণে চতুরস্র ১২ ইঞ্চ

১২ X ১২ = ১৪৪ চঃ ইঞ্চ

প্রস্থ

চতুরস্র ১ ইয়ার্ডপরিমাণে দীর্ঘ ৩ ফুট X ৩ = ৯ চতুরস্র ফুট

অথবা ———— দীর্ঘ ৩৬ ইঞ্চ X প্রস্থ ৩৬ ইঞ্চ

= ১২৯৬ চতুরস্র ইঞ্চ

১ পোলকাত ৩০।০ চতুরস্র ইয়ার্ড

দীর্ঘ ৫।।০ ইয়ার্ড X প্রস্থ ৫।।০ ইয়ার্ড = ৩০।০ চতুরস্র ইয়ার্ড

অথবা দীর্ঘ ১৬।।০ ফুট X প্রস্থ ১৬।।০ ফুট ২৭২।০ চতুরস্র ফুট

উক্ত মাপকে চতুরস্র রাড় ও কহাযায় এইরূপ চতুরস্র মাপের নিয়ম ইতি।

জমি মাপের নিয়ম।

ইংলণ্ডীয় মাপ — প্রতি বঙ্গদেশীয় মাপ

দীর্ঘ ১২ প্রস্থ ১২ দ্বারা — দীর্ঘ ১৬ এবং প্রস্থ ১৬

১৪৪ চত্তুরস্র ইঞ্চ = ১ চঃ ফুট — দ্বারা চত্তরস্র ২৫৬ অঃ

১২৯৬ চঃ ইঞ্চ
৯ চঃ ফুট } ১ চত্তুরস্র ইয়ার্ড } দীর্ঘ ২ প্রস্থ ২
দ্বারা চত্তরস্র ৪ হস্ত }

৩৯২০৪ চঃ ইং
২৭২,৪*১ চঃ
ফুট৩০,৪*১চঃ
ইয়ার্ড } ১ পোল
অথবা পার্চ } চঃ ১২১ হঃ
ছঃ হঃ
অথবা ।৵০ ১ }

১৫৬৮১৬০ চঃ ইং
১০৮৯০ চঃ ফুং
১২১০ চঃ ইয়ার্ড
৪০ চং পোল } ১ রুড় — চং ৪৮৪০ হঃ অথবা
৫০ ৵০ পোনর কাঠা
দুই ছটাক

৬২৭২৬৪০ চং ইং
৪৩৫৬০ চং ফুং
৪৮৪০ চং ইয়ার্ড }
১৬০ পোল

৪ রুড় — ১ একর — চং ১৯৩৬০ হঃ অথবা
বিঘা ছঃ
৩৵০ ॥

গণ্টরের চেইনের দ্বারা জমি মাপ হয় ঐ চেইন ৪ পোল কিম্বা ২২ ইয়ার্ড অথবা ৬৬ ফুট দীর্ঘ এবং ১০০ লিঙ্কতে ঐ চেইন বিভাগ করা প্রতি লিঙ্কের পরিমাণ ৭,১০০* ৯২ইঞ্চ, ১ চত্তুরস্র চেইন প্রতি ৪৮৪ চত্তুরস্র ইয়ার্ড অথবা এক একরের দশাংশের একাংশ হয় এমাত দশ চত্তুরস্র চেইনকাত ৪৮৪০ চং ইয়ার্ডে এক একর হয় উক্ত নিয়ম হিসাব করিলেই স্থির মিলিবেক।

বঙ্গদেশীয় মাপ প্রতি ইংলণ্ডীয় মাপ।

৬৪০০ চঃ হস্তের বিঘার।	এঃ	রুঃ	পোঃ	ইয়ার্ড	ফুঃ	চঃ ইঞ্চ
১০০ বিঘা	৩৩,	০,	৯,	৭,	৬,	১০৮
৫০ বিঘা	১৬,	২,	৪,	১৯,	০	০
৪০ বিঘা	১৩,	০,	৩৫,	২১,	২,	৩৬
৩০ বিঘা	৯,	৩,	২৬,	২৩,	৪,	৭২
২০ বিঘা	৬,	২,	১৭,	২৫,	৬,	১০৮
১০ বিঘা	৩,	১,	৮,	২৮,	০	০
৫ বিঘা	১,	২,	২৪,	১৪,	০	০
৪ বিঘা	১,	১,	১১,	১৭,	২,	৩৬
৩ বিঘা	০	৩,	৩৮,	২০,	৪,	৭২
২ বিঘা	০	২,	২৫,	২৩,	৬,	১০৮
১ বিঘা	০	১,	১২,	২৭,	০	০
।।০ কাঠা	০	০	২৬,	১৩,	৪,	৭২
।০ কাঠা	০	০	১৩,	৬,	৬,	১০৮
৵৪ কাঠা	০	০	১০,	১৭,	৪,	৭২
৵৩ কাঠা	০	০	৭,	২৮,	২,	৩৬
৵২ কাঠা	০	০	৫,	৮,	৬,	১০৮
৵১ কাঠা	০	০	২,	১৯,	৪;	৭২

জগদীশ্বরায় নমঃ।

ক্ষেত্র পরিমাণাদি বিষয়।।

সম কোণ সম চতুর্ভুজ ক্ষেত্র অর্থাৎ যে ভূমির চতুর্দ্দিক সমান তাহার কালি করিবার নিয়ম ।।

সমচতুর্ভুজ ক্ষেত্রে বাহুর যে পরিমাণ তাহাকে তদ্দ্বারা পূরণ করিলে ফল লব্ধ হয় ।।

অনুরূপ ক্ষেত্র ।। ১ ।।

ক খ দ্বারা কখ গুণ করিলে ক খ গ ঘ যে সমকোণ চতুর্ভুজ অনুরূপ ক্ষেত্র তাহার কালি হয়।।

যথা

ক খ ২৵০ বিঘা
গ ঘ ২৵০ বিঘা } ২৵০×২৵০=৪৵০ বিঘা কালি

সম্মুখবর্ত্তি সমদ্বিবাহুক চতুর্ভুজ ক্ষেত্র অর্থাৎ যে ভূমি খণ্ড দীর্ঘতায় সমান, প্রস্থতায় তদপেক্ষা ন্যূন, উভয় প্রস্থ পরস্পর পরিমাণে সমান, তাহার কালি করিবার নিয়ম।

প্রস্থ ভুজ পরিমাণ দ্বারা দীর্ঘ ভুজ পরিমাণকে পূরণ করিলে সম দ্বিবাহুক চতুর্ভুজ ক্ষেত্রের ফল হয়॥

অনরূপ ক্ষেত্র ॥ ২ ॥

ক খ গ ঘ অঙ্কিত যে চতুর্ভুজ ক্ষেত্র তাহার ক গ দ্বারা ঘ গ গুণ করিলে তাহার কালি হয়॥

যথা

ঘ গ ৩৵০ বিঘা
ক গ ১॥০ বিঘা } ৩৵০ × ১॥ = ৪॥০ বিঘা কালি॥

বিষম কোণ সমচতুর্ভুজ ক্ষেত্রের কালি ॥

লম্ব পরিমাণদ্বারা ভুজপরিমাণকে গুণ করিলে বিষম কোণ সমচতুর্ভুজ ক্ষেত্রের ফল হয় ॥

অনুরূপ ক্ষেত্র ॥ ৩ ॥

ক খ গ ঘ অঙ্কিত যে ক্ষেত্র তাহার লম্ব কচ দ্বারা খ গ গুণ করিলে কালি হয় ॥

যথা ॥

ক চ ২৷৴০ বিঘা	২৷৷০ X ২৷৴০ = ৫৷৴০ বিঘা কালি ॥
খ গ ২৷৷০ বিঘা	

বিষমকোণ সম দ্বিবাহুক ক্ষেত্রের কালি ॥

লম্ব পরিমাণ দ্বারা দীর্ঘভুজ পরিমাণকে পূরণ করিলে বিষম কোণ সমদ্বিবাহুক ক্ষেত্রের ফল হয় ॥

অনুরূপ ক্ষেত্র ॥ ৪ ॥

ক খ গ চ অঙ্কিত যে ক্ষেত্র তাহার লম্ব চ ছ দ্বারা ক খ গুণ করিলে কালি হয় ॥

যথা ॥

ক খ ৩৴০ বিঘা
চ ছ ১।৹ বিঘা } ৩৴০ X ১।৹ = ৪।৹ বিঘা কালি ॥

সমকোণ ত্রিভুজ ক্ষেত্রের কালি ।।

কোটি পরিমাণ দ্বারা ভুজ পরিমাণকে গুণ করিয়া যাহা হয় তদৰ্দ্ধ সমকোণ ত্রিভুজ ক্ষেত্রের ফল ।।

অনুরূপ ক্ষেত্র ।। ৫ ।।

ক খ চিহ্নিত কোটি দ্বারা খ গ গুণ করিয়া অৰ্দ্ধাংশ লইলে কালি হয় ।।

যথা ।।

কোটি ক খ ১৷৷০ বিঘা }
আধার খ গ ২৴০ বিঘা } ২৴০ X ১৷৷০ = ৩৴০ অৰ্দ্ধাংশ ১৷৷০ বিঘা কালি

ত্রিভুজ অর্থাৎ ত্রিকোণ ক্ষেত্রের কালি ॥

লম্বপরিমাণ দ্বারা লম্বাধার ভুজ পরিমাণকে গুণ করিয়া যাহা হয় তদর্দ্ধ ত্রিকোণ ক্ষেত্রের ফল ॥

অনুরূপ ক্ষেত্র ॥ ৬ ॥

ক খ গ চিহ্নিত ত্রিভুজ ক্ষেত্রের লম্ব খ ঘ দ্বারা ক গ গুণ করিয়া অর্দ্ধাংশ লইলে কালি হয় ॥

যথা ॥

ক গ ৩৷৷০ বিঘা, লম্ব খ ঘ ২৷০ বিঘা } ৩৷৷০×২৷০ = ৭৷০ অর্দ্ধাংশ ৩৷৷০ বিঘাকালি

চতুর্ভুজ অর্থাৎ চতুষ্কোণ অথচ পরিমাণে ন্যূনাতিরেক এতাদৃশ যে ক্ষেত্র তাহার কালি করিবার নিয়ম ৷৷

মধ্যস্থলে সূত্রপাত করিলে যে দুই ত্রিভুজ ক্ষেত্র হইবেক তাহারদিগের পৃথক্ ২ খণ্ডের পূর্ব্ব লিখিত ত্রিভুজ ক্ষেত্রের কালি করিবার সঙ্কেতানুসারে কালি করিয়া একত্র করিলে সমুদয় ক্ষেত্রের কালি হইবেক ৷৷

অনুরূপ ক্ষেত্র ৷৷ ৭ ৷৷

যথা।

গ খ ৪৴৩ × লম্ব ঘ ন ৮৪ = ৩৮৩৮৴১৫

গ খ ৪৴৩ × লম্ব ক ম ১৮২ = ৭৷৷৩৷৷৴

১১৷৷২৷৵১৫ অর্দ্ধাংশ ৫৮১৬৭৷৷ কালি

বৃত্তক্ষেত্রের পরিধি ও ব্যাস এবং ফল নির্দ্ধারণের নিয়ম অর্থাৎ গোলাকৃতি ক্ষেত্রের বেষ্টন ও মধ্য পরিমাণের নির্ণয় এবং তাহার কালি করিবার ধারা ৷৷

বৃত্তক্ষেত্রের ব্যাস পরিমাণের তিনগুণ পরিধি পরিমাণ; বেষ্টনের তৃতীয়াংশ ব্যাসের পরিমাণহয়। ব্যাস পরিমাণ দ্বারা বেষ্টন পরিমাণকে পূরণ করিলে যাহা হইবেক তাহার চতুর্থাংশ উক্ত ক্ষেত্রের ফল হয় ৷৷

অনুরূপ ক্ষেত্র ৷৷ ৮ ৷৷

ক খ গ ঘ চিহ্নিত যে গোল ক্ষেত্র তাহার বেষ্টন ৬৶০ বিঘা, মধ্যপরিমাণ ২৶০ বিঘার তিনগুণ, এবং সেইরূপ বেষ্টনের যে তৃতীয়াংশ ২৶০ বিঘা সে মধ্য পরিমাণ হয় ৷৷

ফল যথা ৷৷

ক খ ব্যাস ২৶০ বিঘা } ৬৶০ × ২৶০ = ১২৶০ চতুর্থাংশ ৩৶০ বিঘা কালি

ক খ গ ঘ বৃত্ত ৬৶০ বিঘা }

অণ্ডাকৃতি ক্ষেত্রের কালিং।

অণ্ডাকৃতি ক্ষেত্রে দীর্ঘ ব্যাসার্দ্ধ দ্বারা স্বল্প ব্যাসার্দ্ধ পূরণ করিয়া যাহা হইবেক তদঙ্ককে ত্রিগুণ করিলে উক্তরূপ ক্ষেত্রের ফল লব্ধ হয়।

অনুরূপ ক্ষেত্র। ৯।

ক খ দ্বারা গ ঘ গুণ করিয়া যে অঙ্ক হইবেক তাহাকে তিনগুণ করিলে উক্তরূপ ক্ষেত্রের কালি হয়।

যথা।

ক খ ২৴ বিঘা
ঘ গ ১৷১ বিঘা } ২৴X১৷১ = ২৷৷২X ৩ = ৭৳১ বিঘাকালি।

[পশ্চাল্লিখিত ক্ষেত্র সকল সঙ্কর শ্রেণিগত অর্থাৎ তত্তৎক্ষেত্রে বৃত্ত ত্রিভুজ চতুর্ভুজাদি কল্পনা না করিলে ফল লব্ধ হইতে পারে না সুতরাং সঙ্করক্ষেত্রকে স্বাভাবিক প্রকৃত ক্ষেত্রদ্বারা বিভক্ত করিয়া তত্তৎক্ষেত্রের ফলজ্ঞাপক সূত্রদ্বারা প্রত্যেকের ফল নির্ণয় পূর্ব্বক সংকলন করিলে কালি হইবেক।]

অঙ্কিত ক্ষেত্রের কালির নিয়ম।

অনুরূপ ক্ষেত্র ॥ ১০ ॥

ক খ ৩/১ X গ ঘ ১/২ = ৩।২৶

ক খ ৩/১ X চ ছ ১/২ = ৩।২৶

ত থ ১।২ X ধ ন ॥২ = ৮৭১

ত থ ১।২ X ধ দ ৮০ = ১/০১

৮॥০৫ অর্দ্ধাংশ ৪।০।৶ বিঘা কালি

পূর্ব্ব লিখিত নিয়মে নীচের অঙ্কিত ক্ষেত্রের কালি।

অনুরূপ ক্ষেত্র ॥ ১১ ॥

যথা।

গঘ ৪৴১ X তথ ২৴১ = ৮৷১৴

ঘত ১৫২ X চছ ৫৪ = ১৫০৭

গত ২৴৪ X কথ ১৴০ = ২৴৪

১২৷০৬ অর্দ্ধা৲শ৩৴২৷৷৴১০ বিঘাকালি

অনুরূপক্ষেত্র ॥ ১২ ॥

যথা।

ক খ ৩৴১ X শ ঘ ১।২ = ৪৴২।৵
ক খ ৩৴১ X চ ছ ১।।৪ = ৫৴৩।।৵
ব ধ ২।।৪ X থ ন ১।২ = ৩।।২৸৵
ন ধ ২।০ X ত প ৸১ = ১৸১
ব হ ২৴৩ X ঠ ন ১।০ = ২।।৩৸
হ ন ১।।১ X দ ঙ ৸০ = ১৴৩।

১৮।।২ অর্দ্ধাংশ ৯।১ বিঘা কালি।

অনুরূপক্ষেত্র ॥ ১৩ ॥

যথা।

কগ ২৵ X কখ ১।৩ = ২৫১

কগ ২৵ X কচ ।০ = ।।০ অর্দ্ধেক ।০

———

৩৵১ কালি।

অনুরূপক্ষেত্র ।। ১৪ ।।

যথা।

গ ঘ ১৫৩ X ক গ ১।২ = ৩৴৹৫

ক খ ১।।২ X ম ন ৫৹ = ১৴৪ অর্দ্ধেক ।।২

৩।।২৫ বিঘাকালি

অনুরূপক্ষেত্র ॥ ১৫ ॥

যথা ।

কখ ৩৷৩ X কম ১৴৪ =		৪৴১৷৵১০
গন ৷০ X গস ১৷১ =	৭১৷৷	
ভম ৷২ X মথ ১৷৷২ =	৷৷১৷	
	৫২৫ অর্দ্ধেক	৷৩৫৶
		৪৷৷০৷৵১০

অনুরূপক্ষেত্র ॥ ১৬ ॥

যথা।

খগ ১৫৩ x কখ ১॥১ = ২৫৩৫৬

ঘচ ৴৪ X ঘথ ॥১ = ৴২।

কদ ।৩ X কত ॥৪ = ।০।৮

।২৮ অর্দ্ধেক ৴৩৮৵১০

৩৴২৮৵১০

যথা ।

কগ ভথ দধ নপ ফব খঘ ইত্যাদিস্থলে রেখাপাত করিলে যে কএক খণ্ড ক্ষেত্র হইবেক তাহার প্রত্যেক খণ্ডের কালি একত্র করিলে সমুদয় ক্ষেত্রের কালি হইবেক ।।

ক খ গ ঘ চিহ্নিত যে অনুরূপ ক্ষেত্র তাহার কালি ।

অনুরূপ ক্ষেত্র ।। ১৭ ।।

খ ঘ যে রেখা তাহাকে লম্ব ন্যায় রেখা দ্বারা বিভাগ করিয়া যে কএক খণ্ডভূমি হইবেক তাহার প্রত্যেক খণ্ডের কালি করিয়া একত্র করিলে সমুদয় ক্ষেত্রের কালি হইবেক কিন্তু খ ঘ রেখা-কে যত অধিক ভাগ করিবে তত সূক্ষ্ম কালি হইবেক ।।

অনুরূপক্ষেত্র ।। ২০ ।।

যথা ।

কখগঘ চিহ্নিত ক্ষেত্র পরিমাণ করিতে হইলে ক্ষেত্রের বক্রতা প্রযুক্ত তাহার কোণদ্বয় লক্ষ্য করিয়া বাহিরে রেখাপাত করত উক্ত ভূমিকে চতুর্ভুজ ক্ষেত্রের ন্যায় করিয়া সমুদয়ের কালি করিবেক, পশ্চাৎ ঐ পাতিত রেখাহইতে দূর পরিমাণে এক২ রেখাপাত করিলে যে কএকখণ্ড ভূমি হইবেক সে সমুদয়ের কালি একত্র করিয়া উক্ত চতুর্ভুজ ক্ষেত্রের কালি হইতে অন্তর করিলে প্রকৃত ক্ষেত্রের কালি হইবেক ।।

বৃহত্ ক্ষেত্র মাপ করিবার সময় প্রথমে সর্ব্বতোভাবে দেখিয়া অনুরূপ চিত্র লইবার যত্ন করিবেক।

অনুরূপ ক্ষেত্র। ২১।

ক অবধি মাপ আরম্ভ করিয়া ক্ষেত্রের সীমাস্থ বৃক্ষপর্য্যন্ত সমসূত্রপাত করিবে এবং দুই পার্শ্বের যে২ স্থানে বক্রতা আছে তত্তৎস্থানে ঐ মধ্যরজ্জু হইতে লম্ববৎ রেখাতে মাপ করিয়া

অনুরূপচিত্র অঙ্কিত করিবেক এবং তাহাতে (খ, গ, ঘ, চ, ছ, জ, ত, ব,) ত্রিভুজ চতুর্ভুজ যেং প্রকার খণ্ডক্ষেত্র হইবেক সেইং প্রকার ক্ষেত্রের কালি পুর্ব্ব ধারাতে করিবেক ॥

ক্ষেত্র সঙ্কর ।

অঙ্কদ্বারা এবং ভুজের অঙ্ককে ভুজের অঙ্কদ্বারা গুণকরিয়া কর্ণের বর্গীকৃত অঙ্ক হইতে ভুজের বর্গীকৃত অঙ্ককে বাদদিলে যাহা বাকি থাকে তাহার বর্গমূল করিলে কোটির পরিমাণ হইবেক, এবং ঐরূপ কোটির অঙ্ককে তাহার অঙ্কদ্বারা গুণ করিয়া এবং কর্ণের অঙ্ককেকর্ণাঙ্কদ্বারা গুণ করিয়া কর্ণের গুণ করা অঙ্ক হইতে কোটির গুণ করা অঙ্ককে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে তাহার বর্গমূল ভুজের পরিমাণ হইবেক॥

যথা।

ভুজ কখ ৪ X ৪ = ১৬
কোটি কগ ৩ X ৩ = ৯

২৫ বর্গমূল ৫ গখ কর্ণ।

কর্ণ খগ ৫ X ৫ = ২৫
ভুজ কখ ৪ X ৪ = ১৬

বাকি ৯ বর্গমূল ৩ ভুজ।

কর্ণ খগ ৫ X ৫ = ২৫
কোটি কগ ৩ X ৩ = ৯

বাকি ১৬ বর্গমূল ৪ কোটি।

বিষমকোণ ত্রিভুজক্ষেত্রের ভুজপরিমাণ জ্ঞানদ্বারা লম্বপরিমাণানয়নের সূত্র ।

ত্রিভুজক্ষেত্রে দুইভুজের পরিমাণের যোগকে সেই ভুজদ্বয়ের পরস্পর অন্তরদ্বারা পূরণ করিলে যাহা হয় তাহাকে আধার ভুজপরিমাণ দ্বারা হরণ করিলে যে ফল হইবে তাহা আধার ভুজপরিমাণে যোগ করিলে তাহার অর্দ্ধেক লম্বাধারভুজের বৃহৎ অংশের পরিমাণ হইবেক, এবং ঐ ফল আধারভুজ পরিমাণ হইতে অন্তর করিলে তদর্দ্ধ লম্বাধার ভুজের ক্ষুদ্রাংশের পরিমাণ হইবেক। পরে ঐভুজাংশপরিমাণের বর্গ নিকটবর্ত্তি ন্যূনকোণস্থ ভুজবর্গ হইতে অন্তর করিলে যাহা হয় তাহার মূল লম্বের পরিমাণ হইবেক।

যথা ॥

ক খ ভুজ	১৫	১৫ + ১৩ = ২৮
খ গ ভুজ	১৩	১৫ − ১৩ = ২ × ২৮ = ৫৬
ক গ আধারভুজ	১৪	৫৬ ÷ ১৪ = ৪

১৪ − ৪ = ১০ ÷ ২ = ৫ গঘ মান
১৪ + ৪ = ১৮ ÷ ২ = ৯ ঘক মান।

গঘ ৫ বর্গ ২৫, গখ ১৩ বর্গ ১৬৯ হইতে বাদ দিলে বাকি ১৪৪ বর্গমূল ১২ লম্ব।

বর্গ করণের সূত্র।

সমান দুই অঙ্কের পরস্পর পূরণকে বর্গ কহে।

উদাহরণ ৮ X ৮ = ৬৪। ১০০ X ১০০ = ১০০০০

বর্গমূল করণের সূত্র।

মূলার্থ স্থাপিত অঙ্কের উপরিভাগে একাদিক্রমে বিষম (।) এবং সম (—) চিহ্নকরিয়া অন্ত্য বিষমাঙ্ক হইতে যাবৎ অঙ্কের বর্গ শোধিত হইতে পারে তাহা শোধিত করণানন্তর তদঙ্কেরমূল দ্বিগুণ করিয়া পৃথক্ পংক্তিতে স্থাপনকরিবে এবং সেই দ্বিগুণিত মূল দ্বারা সমচিহ্নিত অঙ্ক হরণ করিয়া যাহালব্ধ হইবে তাহার বর্গ অন্য বিষমাঙ্কহইতে শোধিত করত ঐ লব্ধাঙ্ককে দ্বিগুণ করিয়া পৃথক পংক্তিস্থ অঙ্কের দক্ষিণে রাখিবে; পুনস্তৎপংক্তিদ্বারা সমাঙ্ক হৃত হইলে যাহা লব্ধহয় তাহারবর্গ বিষমাঙ্ক হইতে শোধিত করিয়া লব্ধাঙ্ককে দ্বিগুণ করিয়া তৎপংক্তিস্থ অঙ্কের দক্ষিণে স্থাপন করিবে এইরূপ মূলার্থ স্থাপিত অঙ্কের সমাপ্তি পর্য্যন্ত হইলে পংক্তি যাহা হইবে তদর্দ্ধ বর্গ মূল হইবেক।

উদাহরণ।

```
                    । — ।
                    ৬ ২ ৫
                    ৪
                   ----
পংক্তি      ৪০      ২২
            ১       ২০
           ----    ----
            ৫০      ২৫
                    ২৫
                   ----
পংক্ত্যর্দ্ধ     ২৫ মূল   ০০
```

বিঘাপরিমাণ।

চারি হস্তে এক কাঠা, কুড়িকাঠা কিম্বা ৮০হাতে এক বিঘা, ইহার এক বিঘা দীর্ঘ এবং এক বিঘা প্রস্থ হইলে চত্তরস্র এক বিঘাহয় এবং এক বিঘা দীর্ঘ এক কাঠা প্রস্থ হইলে চত্তরস্র এক কাঠা হয়, কোন স্থানে ৪।। হস্তে কোনস্থানে ৫ হস্তে কাঠা হয় এবম্প্রকার যেস্থানে যেমত ব্যবহার আছে সেই স্থানে তদ্রূপে কাঠার হিসাব হইয়াথাকে, কিন্তু যে কোন পরিমাণেকাঠা হউক তাহাকে ৮০ হস্তের বিঘার হিসাবে বিঘাকরাযায় ।।

ইংলিস চেইন বিষয়ক।

ইংলিস চেইন অর্থাৎ লৌহ শৃঙ্খল, যাহা দীর্ঘ পরিমাণে ৪ পোল কিম্বা ২২ গজ কিম্বা ৬৬ ফুট, তাহা একশত ভাগে বিভক্ত, ঐ এইকেকাংশের নাম লিঙ্ক, সেই লিঙ্কের পরিমাণ ৭ ইঞ্চ এবং $\frac{৯২}{১০০}$

১০ চেইন দীর্ঘে এবং ১ চেইন প্রস্থে এক একর হয়, এক একরের চত্তুর্থ ভাগে এক রুড হয়, এবংএক রুডের ৪০ ভাগে এক পর্চ হয়। উক্ত একর, রুড পর্চ, পরিমাণ অন্যান্য পরিমাণের ন্যায় কেবল দীর্ঘে অথবা কেবল প্রস্থে ব্যবহৃত হয় না, সর্ব্বদা চত্তরস্রীয় মাপে ব্যবহৃত হয়।

দৈর্ঘ্য পরিমাণ সংখ্যা —

ইঞ্চ	লিঙ্ক											
৭ ৯২/১০০	১	ফুট										
১২	১ ১৭/৩৩	১	হস্ত									
১৮	২ ৯/৩৩	১ ১/২	১	গজ								
৩৬	৪ ১৮/৩৩	৩	২	১	কাঠা							
৭২	৯ ১/১১	৬	৪	২	১	ফ্যাদম						
৭২	৯ ১/১১	৬	৪	২	১	১	পোল রড পার্চ					
১৯৮	২৫	১৬ ১/২	১১	৫ ১/২	২ ১/৩	২ ১/৩	১	চেইন				
৭৯২	১০০	৬৬	৪৪	২২	১১	১১	৪	১	বিঘা			
১৪৪০	১৮১ ৯/১১	১২০	৮০	৪০	২০	২০	৭ ৩/১১	১ ৯/১১	১	ফারলং		
৭৯২০	১০০০	৬৬০	৪৪০	২২০	১১০	১১০	৪০	১০	৫ ১/২	১	মাইল	
৬৩৩৬০	৮০০০	৫২৮০	৩৫২০	১৭৬০	৮৮০	৮৮০	৩২০	৮০	৪৪	৮	১	ক্রোশ
১৪৪০০০	১৮১৮১ ৯/১১	১২০০০	৮০০০	৪০০০	২০০০	২০০০	৭২৭ ৩/১১	১৮১ ৯/১১	১০০	১৮ ৪/২২	২ ১২/৪৪	১

চতুরশ্রস্য পরিমাণ সংখ্যা

ইঞ্চ	লৈঙ্ক											
৬২ ৭২৬৪/১০০০০	১	ফুট										
১৪৪	২ ২৯৫৬৭/১০০০০	১	হাত									
৩২৪	৫ ১৬৫২৯/১০০০০০	২ ২৫/১০০	১	গজ								
১২৯৬	২০ ৬৬১১/১০০০০	৯	৪	১	ফেদাম							
৫১৮৪	৮২ ৬৪৪৬৩/১০০০০০	৩৬	১৬	৪	১	পোল						
৩৯২০৪	৬২৫	২৭২ ২৫/১০০	১২১	৩০ ২৫/১০০	৭ ৫৬২৫/১০০০০	১	রুড					
১৫৬৮১৬০	২৫০০০	১০৮৯০	৪৮৪০	১২১০	৩০২ ৫/১০	৪০	১	বিঘা				
২০৭৩৬০০	৩৩০৫৭ ৮৫১২/১০০০০	১৪৪০০	৬৪০০	১৬০০	৪০০	৫২ ৮১৮/১০০০	৩২২৩১৪/১০০০০০	১	একর			
৬২৭২৬৪০	১০০০০০	৪৩৫৬০	১৯৩৬০	৪৮০০	১২১০	১৬০	৪	৩ ০২৫/১০০০	১	মুরব্বা		
৬২৭২৬৪০০	১০০০০০০	৪৩৫৬০০	১৯৩৬০০	৪৮৪০০	১২১০০	১৬০০	৪০	৩০ ২৫/১০০	১০	১	মাইল	
৪০১৪৪৮৯৬০০	৬৪০০০০০০	২৭৮৭৮৪০০	১২৩৯০৪০০	৩০৯৭৬০০	৭৭৪৪০০	১০২৪০০	২৫৬০	১৯৩৬	৬৪০	৬৪	১	[illegible]
২০৭৩৬০০০০০০	৩৩০৫৭৮৫১২ ৪/১০	১৪৪০০০০০০	৬৪০০০০০০	১৬০০০০০০	৪০০০০০০	৫২৮৯২৫ ৬২/১০০	১৩২২৩ ১৪/১০০	১০০০০	৩৩০০ ৮/১০	৩৩০ ৫৮/১০০	৫ ১৬/১০০	১

কম্পাস।

প্রোটাক্‌টীং ইস্কেল এবং সরকম্‌ফারণ্ট যাহা ৩০ এবং ৩১ পৃষ্ঠে লিখিত হইয়াছে তাহার ব্যবহারকালে নক্‌সার স্থিরতার নিমিত্তে কম্পাসের প্রয়োজনহয় যেহেতু ভূমির দীর্ঘতাদি পরিমাণানুসারে রেখাপাত করিলে কোন্‌রেখা হইতে কোন্‌রেখা বৃহৎ ও ক্ষুদ্র ইত্যাদির বিশেষজ্ঞান কম্পাসের অবলম্বন ব্যতিরেকে হয় না।

সরকমফরেণ্ট ব্যবহার করিবার

ধারা ॥

কোন ভূমির কোণ লইতে হইলে কিয়দ্দূর অন্তরে একটা ধ্বজা পুঁতিয়া সরকমফরেণ্টের (ক) চিহ্ন স্থান হইতে (খ) চিহ্নের মধ্যসূত্র দ্বারা সমসূত্ররূপে লক্ষ্য করিয়া সেই চিহ্নিত ধ্বজাকে দেখিতে হইবেক পরে ঐ সরকমফরেণ্টের উপর যে উত্তর দক্ষিণাভিমুখে এক শলাকা ও যে সকল ডিগ্রীর বিভাগ আছে তাহার যে ডিগ্রীতে ঐ শলাকার অগ্রভাগ থাকিবেক তাহা ঐ স্থানের ডিগ্রী হইবেক, এবং ঐরূপ উক্ত যন্ত্র যেস্থানে স্থাপিত আছে তথাহইতে অন্য এক স্থানকে চিহ্ন করিয়া সরকমফরেণ্টের দ্বারা উক্তরূপে দ্বিতীয় চিহ্নিত স্থানকে লক্ষ্য করিলে যে কএক ডিগ্রী হইবেক তাহা দ্বিতীয় চিহ্নিত স্থানের ডিগ্রী হইবেক। ঐ উভয় ডিগ্রীর পরস্পর অন্তর করিলে যে কয়েক ডিগ্রী অবশিষ্ট থাকিবে তাহা ঐ ভূমির কোণ হইবেক ॥

প্রোট্রাক্টাং ইস্কেল ব্যবহার করিবার নিয়ম।

কোন ক্ষেত্রমাপ করিবার সময় সরকমফরেণ্ট দ্বারা যে সকল কোণ লওয়া যায় সেই সকল কোণ প্রোট্রাক্টীং ইস্কেল দ্বারা নক্সার কাগজে লিখিতে হয়, ইহার নিয়ম পশ্চাৎ দেখান যাইতেছে।

প্রোট্রাক্টাং ইস্কেল।।

প ক ভ ম চিহ্নিত যে ইস্কেল তাহার প ম পার্শ্বে যে সকল ডিগ্রী ঐ ইস্কেলের মধ্যস্থ ব চিহ্ন হইতে বিভক্ত আছে তাহা প্রয়োজনানুসারে ব চিহ্নকে কোণ রাখিয়া যে কএক ডিগ্রী আবশ্যক হইবেক তাহা প ম পার্শ্ব হইতে লইবেক।।

প্রোটাক্টীং ইস্কেল সামান্য ইস্কেলরূপেও ব্যবহৃত হয়। সমানাংশে বিভক্ত যে কোন সরল বস্তু গজপ্রভৃতিকে সামান্য ইস্কেল কহে, তাহার প্রত্যেকাংশে অভীষ্ট পরিমাণ কল্পনা করিলে চিত্র কার্য্য নির্ব্বাহ হইতে পারিবেক।

যথা, চিত্রিত প্রোটাক্টীং ইস্কেলের উপর্য্যুপরি স্থানদ্বয় ১০ এবং ২১ সমানাংশে বিভক্ত আছে তাহার প্রত্যেকাংশ প্রয়োজনোপযোগি অঙ্কদ্বারা গুণিত হইতে পারে।।

যথা ।।

ব ভ রেখা হইতে কোন ডিগ্রীর কোণ লইতে হইলে ইন্ষ্ট্রুমেন্টের মধ্যে যে ব চিহ্ন আছে তাহা ঐ রেখার উপরে স্থাপন করিয়া দক্ষিণে কিম্বা বামে যে কএক ডিগ্রী প্রয়োজন হইবেক সেই ডিগ্রীতে চিহ্ন করিয়া ঐ ব অক্ষরকে কোণ রাখিয়া রেখা করিবে তাহাতেই অভীষ্ট কোণ লব্ধ হইবে ॥

অনুরূপচিত্র ।। ২২ ।।

নদী মাপ করিবার নিয়ম।

স্বীয় পারের কোন এক নির্দ্ধারিত স্থান হইতে পর পারের তীরস্থ বৃক্ষাদি অথবা অন্যকোন কল্পিত বস্তুকে সরকমফরেণ্ট দ্বারা লক্ষ্য করিয়া তাহার ডিগ্রী নির্ণয় করিবেক, অনন্তর স্বীয় পারের যেস্থানে ঐ যন্ত্র স্থাপিত করা গিয়াছে সেই স্থানহইতে ৫০ কিম্বা ১০০ অথবা যে কোন পরিমাণ অন্তরে অন্যএক বস্তুকে লক্ষ্য করিয়া ঐ সরকমফরেণ্ট দ্বারা তাহারও ডিগ্রী নির্ণয় করিবেক পরে ঐ উভয় নির্দ্ধারিত ডিগ্রীর পরস্পর অন্তর করিলে যে কয়েকডিগ্রী অবশিষ্ট হইবেক তাহা যন্ত্রস্থাপিত স্থলের কোণের পরিমাণ হইবেক, এইরূপ দ্বিতীয় লক্ষিত স্থানহইতে উক্ত যন্ত্রদ্বারা প্রথমতঃ পারান্তরে সেই চিহ্নকে নিরীক্ষণ করিয়া তাহার ডিগ্রী নিশ্চয় করিবেক পরে ঐ স্বীয় পারস্থ দ্বিতীয় লক্ষিত স্থানহইতে স্বীয় পারস্থ সেই প্রথম স্থানকে লক্ষ্য করিয়া তাহারও ডিগ্রী নিশ্চয় করিবেক পরে দ্বিতীয়বারে প্রাপ্ত ঐ উভয় ডিগ্রীর পরস্পর বাকি কাটিলে যে কয়েক ডিগ্রী অবশিষ্ট হইবেক তাহা স্বীয় পারস্থ দ্বিতীয়লক্ষিত স্থানের কোণের পরিমাণ হইবেক। এইরূপে স্বীয় পারস্থ দুই লক্ষিত স্থানের কোণের ডিগ্রী নিশ্চয় করিয়া স্বপারস্থ উভয় লক্ষ্যের মধ্যে পরিমিত স্থান কল্পনা করিয়া রেখাপাতদ্বারা পত্রারূঢ় করিবেক অর্থাৎ কাগজে লিখিবেক পরে প্রোট্রাকটীংগজেরদ্বারা পূর্ব্বলব্ধ ডিগ্রীদ্বয় যে স্থানেপতিত হয় সেই স্থানে রাখিয়া কল্পিত পরিমিত রেখা হইতে ডিগ্রীর উপরে রেখাপাত করিয়া ত্রিকোণ ক্ষেত্র করিবেক, অনন্তর ঐ ভুজদ্বয়ের মিলনস্থান হইতে কল্পিত ভূমির উপরে সরল রেখা করিবেক, তদনন্তর প্রথম কল্পিত রেখার পরিমাণ কম্পাসদ্বারা নির্দ্ধার্য্য হইলে তাহার হিসাবানুসারে ঐ লম্বা-

কারে পতিত মধ্যরেখার পরিমাণ যাহা স্থির হইবে তাহাই নদীর পরিসর নির্দ্ধারিত হইবেক ।।

জরিপ করিবার ধারা ।

গ্রামের নক্সা সম্বলিত জরিপ করণের নিমিত্ত নীচে লিখিত লোকের প্রয়োজন ।

জরিপ আমিন ।। ইনি তাবৎ কর্ম্মের পরিদ্রষ্টা, মুহুরিদিগের কর্ম্মে সাহায্য করত উপদেশক হইবেন এবং এই ব্যক্তিই দিক্‌সূচিকা যন্ত্র ব্যবহার করিবেন ।।

নকসার মুহুরি ।। এই ব্যক্তি নকসা সম্বন্ধে চিঠা ও নকসার কাগজ লিখিবেক ।

জরিপের মুহুরি ।। ভূমির মাপ সম্বন্ধে রাজকীয়কর্ম্মার্থে চিঠা লিখিবেন ।

রসাদার ।। রসির মূল ধারণ পূর্ব্বক মুহুরির নিকটস্থ হইয়া জরিপের কর্ম্ম করিবেক ।

আগদড়ে অর্থাৎ রসির অগ্রধারক ।। রসির অগ্রভাগ ধারণ করিয়া মাপ করিবেক ।

নকসার মুহুরি জরিপের মুহুরি এবং গ্রামস্থ মণ্ডল অর্থাৎ হালসানা মণ্ডলপ্রভৃতি লোকের সঙ্গে জরিপ আমিন গ্রামের চতুর্পার্শ্বে দুই একবার ভ্রমণকরিয়া সীমা প্রভৃতি সমুদয় বৃত্তান্ত উত্তমরূপে জ্ঞাত হইয়া প্রথমতঃ গ্রামের কোন এক স্থান হইতে গ্রামের চতুঃসীমাবচ্ছিন্ন নক্সার কারণ মাপ আরম্ভ করিবেক, এবং সেই স্থানের ডিগ্রীর অঙ্ক সরল স্থান লক্ষ্য করিয়া ঠিক্

সূচিকা যন্ত্রদ্বারা নিশ্চয় করত চিঠা ও নক্সার কাগজে অঙ্কিত করিবেক পরে ঐ নির্দ্ধারিত ডিগ্রী স্থান হইতে সরল রেখাদ্বারা যে পর্য্যন্ত বক্র ভূমি রোধক না হয় তাহা মাপ করিয়া নক্সার কাগজে ও চিঠায় লিখিবেক, যদ্যপি ঐ সরল রেখা সীমান্ত পাতিনী না হয় তবে যেং স্থলে পরিসরের ন্যূনাতিরেক থাকে সেইং স্থানে ভিন্নরজ্জুপাত দ্বারা প্রস্থ পরিমাণ করিয়া নক্সার কাগজে এবং চিঠাতে লিখিবেক এবং ঐ প্রস্থ রজ্জু সরলরেখার যে স্থানে পতিত হয় তাহার পরিমাণাঙ্ক লিখিবেক।

উক্ত সরল রজ্জুপাত স্থানে যদ্যপি কোন বাটী বৃক্ষ জলাশয় প্রভৃতি থাকে তব তাহাও লিখিতে হইবেক, এইরূপে প্রথম চিহ্নিত স্থানের মাপ সমাপন করিয়া দ্বিতীয় লক্ষিত স্থানে আগমন পূর্ব্বক তথা হইতে অন্য স্থানকে লক্ষ্য করিয়া এক চিহ্ন রাখিবেক পশ্চাৎ পূর্ব্ববৎ ডিগ্রীর নিরূপণ করিয়া মাপ করিবেক ঐ নিয়মানুসারে গ্রামের চতুঃসীমার পরিমাণ ও নক্সা করিবেক।

অনুরূপ চিত্র দ্রষ্টব্য॥

যথা॥

মাপ আরম্ভ স্থানে ধ্বজা পুঁতিয়া সেই স্থানে (ক) চিহ্ন করিয়া তদবধি পূর্ব্বদিকে (খ) চিহ্নিত রোপিত ধ্বজা পর্য্যন্ত যে সরল রেখা হইল তাহাতে (ক) চিহ্নত স্থান১০০ডিগ্রী হই-য়াছে, কিন্তু ঐ ক খ সরল রেখা সীমান্তপাতিনী না হওয়াতে বামপার্শ্বের ভূমির পরিমাণের নিমিত্তে ঐ রেখার ক চিহ্ন হই-তে ১/৪ কাঠা অন্তরে প্রস্থ মাপের নিমিত্ত যে রজ্জুপাত হই য়াছে তাহার পরিমাণ ৫১ কাঠা, এবং ঐ ক চিহ্নের ৩।।১

কাঠা অন্তরে ৫২ কাঠা, ৪৴২ কাঠা অন্তরে ৭১ কাঠা,৬৫১ কাঠা অন্তরে ।।০ কাঠা, ৭৫১ কাঠাতে খ চিহ্ন আছে ।।

উক্ত রেখায় (খ) চিহ্ন হইতে (গ) চিহ্ন পর্য্যন্ত যে সকল রেখা হইল তাহাতে খ চিহ্নিত স্থান ৬৭ ডিগ্রী, এস্থলেও ঐ রেখা সীমান্তপাতিনী নহে বরং অন্যের ভূমিতে পতিতা হইয়াছে অত-এব ইহার পার্শ্বের ভূমির পরিমাণ নিমিত্তে দক্ষিণ পার্শ্বের (খ) চিহ্ন হইতে ।।০ কাঠা অন্তরে ।।০ কাঠা প্রস্থমান, এবং ৫৪ কাঠা অন্তরে ।।০কাঠা,১।৩ কাঠা অন্তরে ।।৩কাঠা,২।০কাঠা অন্তরে ।৩ কাঠা, ২।।৩ কাঠাতে দক্ষিণ পার্শ্ব শেষ । বাম পার্শ্বে ৩।৩ কাঠা অন্তরে ।৪ কাঠা, ৩৫৩ কাঠা অন্তরে ।।১ কাঠা, ৪।৩ কাঠা অন্তরে ।৪ কাঠা, ৪৫১ কাঠা অন্তরে ।২ কাঠা [এবং খ গ রেখা শেষ । এইরূপে গ অবধি ঘ পর্য্যন্ত জরিপ করিয়া লিখিতাঙ্ক হইয়াছে পরে নদী ব্যবধান হওয়াতে তাহার পরিমাণ এইরূপে নিশ্চিত, হইয়াছে যথা, (ঘ) চিহ্নিত বৃক্ষ ইইতে পর পারের লক্ষিত ধ্বজা (চ) চিহ্ন পর্য্যন্ত নদীর বিস্তার অধিক এপ্রযুক্ত রজ্জুপাত হইতে পারে না অতএব দিক্‌সূচিকাদ্বারা (ঘ) চিহ্ন স্থান ১৩১ ডিগ্রী হইয়াছে এবং ঐ (ঘ) চিহ্ন হইতে স্বীয় পারস্থ (ঙ) চিহ্নিত বৃক্ষ ২।১ কাঠা অন্তরে আছে,তদংশে ঘ চিহ্নিত স্থান ৬৪ ডিগ্রী, ঙ চিহ্ন হইতে চ চিহ্ন ১৭১ ডিগ্রী, সেইরূপ ঙ চিহ্ন হইতে ঘ চিহ্ন ২৪৪ ডিগ্রী, অতএব লিখিত সঙ্কেতানুসারে ঘ চ চিহ্নের ১৩১ ডিগ্রী হইতে ঘ ঙ চিহ্নের ৬৪ ডিগ্রী অন্তর করিয়া অবশিষ্ট যে ৬৭ ডিগ্রী, তাহাই ঘ চিহ্নিত কোণের পরিমাণ, এবং ঙ চ চিহ্নের ১৭১ ডিগ্রী হইতে ঙ ঘ চিহ্নের ২৪৪ ডিগ্রী অন্তর করিয়া অবশিষ্ট যে ৭৩ ডিগ্রী তাহা ঙ চিহ্নিত কোণের পরিমাণ ।।

ত্রিভুজ ক্ষেত্রের সমুদয় কোণের পরিমাণ ১৮০ ডিগ্রী স্বভা-বসিদ্ধ, অতএব (খ) ঙ চ, ত্রিভুজ ক্ষেত্রের খ চিহ্নের কোণ ৬৭ ডিগ্রী, ঙ চিহ্নের কোণ ৭৩ ডিগ্রী হইলে উভয়ে ১৪০ ডিগ্রী হও-য়াতে ১৮০ ডিগ্রীর অবশিষ্ট যে ৪০ ডিগ্রী তাহা (চ) চিহ্নের কোণের পরিমাণ ৷৷

পূর্ব্বে লিখিত হইয়াছে যে যথা স্থ খ ঙ রেখা ২১ কাঠা ঐ রেখার ঙ চিহ্নের কোণ যে ৭৩ ডিগ্রী তাহার অবাধে ঙ চিহ্ন অবধি চ চিহ্ন পর্য্যন্ত রেখাপাত করাতে এবং খ চিহ্নের কোণ যে ৭৩ ডিগ্রী তাহার অবাধে খ অবধি চ পর্য্যন্ত রেখা করাতে উভয় রেখার সম্পাত চ চিহ্নে হইল এবং ঐ চ চিহ্ন হইতে খ ঙ রেখার উপরে যে লম্বপাত হইল তাহার পরি-মাণই নদীর পরিমাণ হইয়াছে।

উক্ত নিয়মানুসারে গ্রামের চতুঃসীমার পরিমাণ এবং নক্সা নির্দ্ধারিত হইলে ঐ গ্রামের মধ্যভূমিখণ্ড সকলের পরিমাণের প্রয়োজন, অতএব কোনগ্রাম জরিপ কালীন তাহার প্রত্যেক ভূমিখণ্ড অর্থাৎ কিতা২ সরকম্ ফরেন্ট যন্ত্রদ্বারা ডিগ্রী গ্রহণ করিয়া মাপকরিলে কালি অত্যন্ত সূক্ষ্মহয়, কিন্তু তদনুসারে প্রত্যেক ভূমিখণ্ডের কালি নির্ণয় করিতে যে অধিককাল ব্যয় হয় তাহাতে একগ্রাম জরিপ করা অত্যন্ত সুকঠিন, অতএব তাহা নাকরিয়া যেসকল বক্রকিতা আছে সেই সকল ভূমির বক্রস্থানে কাঁড় দিয়া ক্রমানুক্রমে মাপ করিবেক। যেভূমি খণ্ড অত্যন্তবক্র থাকে তন্মধ্যে অধিক কাঁড় দিতেহয়, এমতে অধিক সংখ্যার কাঁড় হইলে সেই তাবৎ কাঁড়ের মধ্যে কোন্ কাঁড়ের কত্রপরি-মাণ হইয়াছে তাহার বিশেষ স্মরণার্থে প্রত্যেক কাঁড়ের সংখ্যা চিহ্নদিয়া অনুরূপচিত্র প্রকাশকরাগেল। যদ্যপি কোন বৃহৎ

ড

৪৸৹

॥২ ৪।২

৮ ৩।১

॥৹ ২

চি ৩৬

৬

৬

৩৸১

৩।১ ।৹

২।৫ ।১

১।৪ ॥১

।২

চি ১৪৹

মধ্য

চি ১২ চি ১৪৹

১৴ চি ২

ত্রি ১০০
১ দাগ
দাগ আরম্ভ

প্লেনটেবিল

আণাকাদি তত্তৎস্থানে উক্ত নক্সার চিটায় নিম্নাবধি উৰ্দ্ধ ক্রমে লিখিত আছে, ইহার সমুদায় বিবরণ গ্রাম জরিপের দৃষ্টান্তে লিখিত হইয়াছে এবং তাহার সহিত ঐক্য করিলে এই চিঠা অনায়াসে বোধগম্য হইতে পারিবেক।

প্রকারান্তরে গ্রামাদি জরিপ করিবার উপায়।

প্লেনটেবিল।

সরকম্ ফরেণ্টদ্বারা জরিপ হইলে যদ্যপিও ভূম্যাদির পরিমাণ, ফল, এবং কোণাদির ডিগ্রী অতিসূক্ষ্ম হয়, তথাপি তাহা সাধারণের আশু ফলদায়ক নহে যেহেতু প্রথমতঃ দুরূহ প্রযুক্ত তাহার শিক্ষা অতি কঠিন. এবং ব্যবহারে অধিক কালব্যয়, এবং জরিপ কালীন নক্সা প্রস্তুত হয়না, ও তাহাতে ভ্রমহওনের সম্ভাবনা, এবং ঐ ভ্রম শোধনার্থে পুনর্ব্বার জরিপের প্রয়োজন ইত্যাদি ক্রিয়াগৌরবহেতুক প্রকারান্তরে অনায়াসে জরিপ করিবার ধারা দর্শাইবার নিমিত্তে প্লেনটেবিল নামক যন্ত্র বিশেষের অনুরূপচিত্র পশ্চাৎ লিখিত হইল, তাহারদ্বারা ভূমির পরিমাণ করিলে উক্ত গৌরবের পরিহার হইয়া ক্রিয়ার অনেক লাঘব হইবার সম্ভব, অতএব ঐ প্লেনটেবিলের ব্যবহারাদি বিবরণ লিখিত হইতেছে।

প্লেনটেবিলের স্বরূপ।

ত্রিপদীর উপরে স্থাপিত কোন সমপীঠাকৃতি কাষ্ঠসমূহকে প্লেনটেবিল কহে। ব্যবহারকালে উক্ত প্লেনটেবিলের উপরে নক্সার কারণ কাগজ বদ্ধকরিয়া তদুপরি (সাইট অর্থাৎ) অক্ষিযন্ত্র স্থাপন করিতে হয়।

প্লেনটেবিল ব্যবহার করিয়া জরিপ করিবার ধারা।

মাপ আরম্ভস্থানে নক্সার কাগজের উপরিস্থিত অঙ্কযন্ত্রের সহিত উক্ত প্লেনটেবিল স্থাপন করিবেক, এবং সেই স্থানকে বর্ণ অথবা সংখ্যাদ্বারা নকসার কাগজে চিহ্নিত করিয়া তথা হইতে কিয়দ্দূর অন্তরে এক ধ্বজা পুঁতিয়া প্লেনটেবিলের উপরিস্থ অঙ্কিযন্ত্রের মধ্যসূত্র দ্বারা সমসূত্ররূপে লক্ষ্য করিয়া সেই ধ্বজাকে দেখিতে হইবে, অনন্তর প্রথমচিহ্নিত স্থান হইতে কল্পিত ধ্বজাপর্য্যন্ত সমসূত্রে রজ্জুপাত দ্বারা ভূমির পরিমাণ নির্দ্দিষ্ট হইলে সেই নকসার কাগজে * ইস্কেলদ্বারা পরিমিত রেখাপাত করিবেক, এবং যদ্যপি ঐ চিহ্নদ্বয়ের মধ্যস্থ রজ্জুপাতের রেখা সেই গ্রামাদির সীমান্তপাতিনী না হয় তবেত তাহার পার্শ্বস্থ ভূমিখণ্ড সকলের পরিমাণাদি জানিবার নিমিত্তে ঐ পাতিত রজ্জু হইতে পার্শ্বস্থ ভূমিখণ্ডের প্রস্থভাগে অপর রজ্জুপাত করিয়া তাহার পরিমাণাদির বিশেষ নক্সার কাগজে চিত্র করত অঙ্কিত করিবেক। এইরূপ ক্রমশ দ্বিতীয়াদি চিহ্নি

---

* ইস্কেলদ্বারা পরিমিত রেখাপাতের পরিবর্ত্তে মনঃকল্পিত রেখাপাত করিয়া দ্বিতীয় চিহ্নিত স্থানের মাপ হইলে প্রথম চিহ্নিত ধ্বজার উভয় পার্শ্বের কোন পরিমাণ মাপদ্বারা স্থির করিয়া তথায় চিহ্ন স্থাপন করিবে, অনন্তর ঐ দুই চিহ্নের মধ্যস্থলে রজ্জুপাত করিয়া তাহার পরিমাণ করিবেক, পরে ঐ চিহ্নিত ভূমি খণ্ডদ্বয়ের পরিমাণ এবং কোণ বন্ধনী রেখা ও তৎপরিমাণ নক্সার কাগজে লিখিবেক, তাহাতে পরিষ্কৃত চিত্রকরণ কালে ঐ অঙ্কানুসারে ইস্কেলদ্বারা সহজে কোণ নির্দ্দিষ্ট হইতে পারিবেক।

স্থান হইতে গ্রামের চতুঃসীমা মাপ করিয়া কাগজে নক্সা এবং
পরিমাণের অঙ্কপাত করিবেক, পরে ঐ সীমা অবধি খণ্ডানুক্রমে
ক্রমশ মধ্যস্থ ভূমিখণ্ড সকলের মাপ এবং নক্সা করিবেক এবং
মাপ আরম্ভাবধি বৃক্ষ, পুষ্করিণী, নদ, নদী, খাল, ডহর, জঙ্গল,
পথ, বাটী, মন্দির প্রভৃতি, এবং ক্ষেত্রোৎপন্ন শস্যাদি যে স্থলে
যেরূপ আছে, তাহার নাম, পরিমাণ, আকৃতি এবং বিবরণ,
তত্তৎস্থানে ঐ নক্সার কাগজে চিত্রিত ও অঙ্কিত করিবেক। তাহার
শেষ হইলেই গ্রামাদির পরিমাণ ও নক্সার পাণ্ডুলিপি প্রস্তুত
হইবে। উক্ত পাণ্ডুলিপি প্রস্তুত হইলে গ্রামের মধ্যস্থ কোন
স্থানে দিক্‌সূচিকা স্থাপন করিয়া তাহারদ্বারা দিঙ্নির্ণয় করত ঐ
অনুরূপচিত্রে অঙ্কিত করিবেক।

প্লেন্ টেবিলেরদ্বারা জাতচিত্রদ্বয় দ্রষ্টব্য।

পরিষ্কৃত নক্সা।

সরকম্‌ফরেণ্ট এবং প্লেন্‌টেবিল এই উভয় যন্ত্রদ্বারা গ্রামাদি
জরিপ করিবার যে দুইপ্রকার ধারা প্রদর্শিত হইল তন্মধ্যে সর-
কমফরেণ্টদ্বারা কেবল নক্সারচিঠামাত্র প্রস্তুতহয় সুতরাং তদ্দৃষ্টে
অজ্ঞাত ব্যক্তির সেই গ্রামাদির আকৃতি ও অবয়ব সংস্থানবোধ
হইতে পারে না। এবং প্লেনটেবিলদ্বারা জরিপ হইলে তৎকালে
নক্সার পাণ্ডুলিপি প্রস্তুত হওয়াতে যদ্যপিও তাহাদ্বারা পরি-
মিত গ্রামাদির আকৃতি স্থূলরূপে জানা যাইতে পারে তথাপি
ঐ পাণ্ডুলিপি মাত্র দৃষ্টে অপরিচিত ব্যক্তির সম্যক্‌রূপে সেই
গ্রামাদির বিশেষজ্ঞান হয়না, অতএব নক্সারচিঠা কিম্বা নক্সার
পাণ্ডুলিপি হইতে পরিষ্কৃতনক্সা করণের আবশ্যক হয়।

চিত্র করিবার ধারা।

ঐরকম্ ফরেণ্ট দ্বারা জাত নক্সার চিঠাতে কোণের ডিগ্রী, রেখা, ও তৎপরিমাণাঙ্ক দেখিয়া পরিষ্কৃত নক্সার কাগজে ইস্কেলদ্বারা সেই সকল কোণাদির পরিমাণ করত রেখাপাত করিবেক, এবং ঐ নক্সার চিঠায় যে স্থানে যেরূপ বৃক্ষ বাটী প্রভৃতি লিখিত থাকে, পরিষ্কৃতনক্সার তত্তৎস্থানে সেইরূপ অঙ্কিত করিবেক। এইরূপে নক্সার চিঠায় উৰ্দ্ধোৰ্দ্ধ লিখিত তাবৎ কোণের ডিগ্রী ক্রমশ দেখিয়া সেই ডিগ্রীর অবাধে কোণাদি এবংনদ,নদী,খাল,ডহর প্রভৃতি যথাস্থিত স্থানে অঙ্কিত করিলে পরিমিত গ্রামাদির অবিকল অবয়ব চিত্রিত হইবেক।

